দৈনিক
ইনকিলাব

তারিখ 24 OCT 2002
পৃষ্ঠা ৩ কলাম ৪

# সরকারী অনুমোদনক্রমে নর্দার্ন ইউনিভার্সিটির কার্যক্রম শুরু

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিশিষ্ট ও প্রবীণ শিক্ষক ও শিক্ষানুরাগীদের দ্বারা প্রতিষ্ঠিত দেশের অন্যতম বেসরকারী বিশ্ববিদ্যালয় নর্দার্ন ইউনিভার্সিটি, বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমোদনক্রমে বিশ্ববিদ্যালয় হিসেবে এর কার্যক্রম শুরু করেছে। প্রতিষ্ঠানটি বিশ্ববিদ্যালয় হিসেবে নতুন হলেও বিগত ১৯৯৯ সাল হতে IBAT নামে এর কার্যক্রম পরিচালনা করে আসছে এবং ইতোমধ্যেই উচ্চশিক্ষা বিস্তারে এ প্রতিষ্ঠানটি বেশ সুখ্যাতি অর্জন করতে সক্ষম হয়েছে। বর্তমানে প্রায় পাঁচ শতাধিক ছাত্রছাত্রী এই প্রতিষ্ঠানটিতে বিভিন্ন বিষয়ে (এমবিএ, বিবিএ, কম্পিউটার সাইন্স) অধ্যয়নরত। দেশে ও বিদেশে অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর সরাসরি তত্ত্বাবধানে বিভিন্ন কোর্স পড়ানো হয় বলে প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক গুণগতমানসম্মত শিক্ষা প্রদানে সক্ষম হচ্ছে।

বেসরকারী বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষাকে দরিদ্র ও মধ্যবিত্ত পরিবারের মেধাবী ছাত্রছাত্রীদের নাগালের মধ্যে আনার লক্ষ্যে NORTHERN UNIVERSITY, BANGLADESH (NUB) বেশকিছু উদ্যোগ গ্রহণ করেছে, যেমন (১) এইচএসসি ও সমমানের পরীক্ষায় বোর্ড স্থানধারীদের ১০০% টিউশন ফি স্কলারশীপের ব্যবস্থা। (২) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ১ম বিভাগ অর্জনকারীদের ২০% টিউশন ফি স্কলারশীপ এবং একটিতে ১ম ও অন্যটিতে ২য় বিভাগ অর্জনকারীদের ১৫% স্কলারশীপ প্রদানের ব্যবস্থা। (৩) নিম্ন-মধ্য আয়ের সরকারী কর্মচারীদের সন্তানদের জন্য শিক্ষা ঋণের ব্যবস্থা। (৪) এছাড়ও সেমিস্টার রেজাল্টের ভিত্তিতে বৃত্তি প্রদানের ব্যবস্থা। উল্লেখ্য, বিশিষ্ট শিক্ষাবিদ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর মোহাম্মদ আলী, নর্দার্ন ইউনিভার্সিটি, বাংলাদেশের ভাইস চ্যান্সেলর হিসেবে যোগদান করতে সম্মত হয়েছেন। বিস্তারিত তথ্যের জন্য ৩/১৮ ইকবাল রোড, আসাদ এভিনিউ, মোহাম্মদপুর ঢাকা-১২০৭ এই ঠিকানায় অথবা ফোন ঃ ৯১৩৪৭২৯, ৯১২৮১২২, ৯১৩৬৯৮৬, ৯১৪২১২১, ০১৯-৩৪৬৪৯৮ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।